

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
টিভি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.moi.gov.bd)


নং-১৫.০০.০০০০.০২৪.২২.০০২.১৪-

২৮০

তারিখঃ ০৭ বৈশাখ, ১৪২৩
২০ এপ্রিল, ২০১৬

‘সম্প্রচার আইন, ২০১৬’ এর খসড়ার ওপর মতামত ও পরামর্শ আহ্বান

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ‘সম্প্রচার আইন, ২০১৬’ এর একটি খসড়া প্রণয়ন করা হয়েছে। এতদসঙ্গে সংযুক্ত উক্ত খসড়ার ওপর অংশীজনসহ সংশ্লিষ্ট সকলের মূল্যবান মতামত ও পরামর্শ আহ্বান করা হল। আপনার লিখিত মতামত ও পরামর্শ আগামী ০৪ মে, ২০১৬ তারিখের মধ্যে সচিব, তথ্য মন্ত্রণালয়, ভবন নং-৪ (নবম তলা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর অথবা ই-মেইলের মাধ্যমে (secretary@moi.gov.bd, tv2@moi.gov.bd) প্রেরণ করতে পারেন।


/ ২০/৪/২০১৬

(মোঃ আখতারুজ্জামান তালুকদার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৫৫০১৭
মোবাইলঃ ০১৭৩২৮৩৬৫৫৫
ই-মেইলঃ tv2@moi.gov.bd

অনুলিপি (অবগতি ও কার্যার্থে)

- ১। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর, ঢাকা (প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বহল প্রচারের অনুরোধসহ)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সম্প্রচার আইন, ২০১৬ (খসড়া)

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন

- (১) এই আইন সম্প্রচার আইন, ২০১৬ নামে অভিহিত হইবে।
- (২) সরকার গেজেট প্রজ্ঞাপন দ্বারা যেই তারিখ নির্ধারণ করিবে এই আইন সেই তারিখ হইতে বলবৎ হইবে।

২। সংজ্ঞা

- (১) ‘সম্প্রচারকারী’ (Broadcaster) অর্থ এমন কোন ব্যক্তি অথবা প্রতিষ্ঠান যিনি অথবা যাহা সম্প্রচার কার্যক্রম পরিচালনা করে এবং ইহাতে তথ্য সম্প্রচার নেটওয়ার্ক কার্যক্রম পরিচালনাকারী অন্তর্ভুক্ত হইবেন যিনি তাহার নিজ টেলিভিশন বা রেডিও চ্যানেলের কার্যক্রম ব্যবস্থাপনা ও চালনা করেন।
- (২) ‘সম্প্রচার’ (Broadcasting) অর্থ যে কোন ধরনের বিষয়বস্তু (content) যেমন, চিত্র, সংকেত, লেখা, ছবি, প্রতিচ্ছবি ও শব্দ এর সমাহরণ (assembling) ও কার্যক্রম প্রণয়ন (programming) এবং এই সম্প্রচার বিষয়বস্তুকে হয় নির্দিষ্ট কম্পাংকে (frequency) ইলেক্ট্রনিকভাবে তড়িৎ চুম্বকীয় (ইলেক্ট্রো ম্যাগনেটিক) তরঙ্গে সন্নিবেশ-পূর্বক সন্নিবেশিত বিষয়বস্তু মহাশূন্য বা কেবল মাধ্যমে প্রেরণ-পূর্বক বাহক তরঙ্গে তাহা অবিচ্ছিন্নভাবে ব্যবহার উপযোগী ও লভ্য করিয়া রাখা অথবা ঐ বিষয়বস্তু ডিজিটাল ডাটা ফরমে অবিচ্ছিন্নভাবে ডিজিটাল নেটওয়ার্কে প্রবহমান রাখা, যাহাতে এই বিষয়বস্তু গ্রাহক যন্ত্রের মাধ্যমে একক বা বহুবিধ গ্রাহকের নিকট অধিগম্য (accessible) হয়।
- (৩) ‘সম্প্রচার যন্ত্রপাতি’ বলিতে বুঝাইবে এমন যন্ত্রপাতি যাহা যে কোন সম্প্রচার কার্যক্রম গ্রহণে সক্ষম।
- (৪) ‘সম্প্রচার কার্যক্রম’ বলিতে বুঝাইবে বিষয়বস্তু সমাহরণ, কার্যক্রম প্রণয়ন এবং নির্দিষ্ট কম্পাংকে ইলেক্ট্রনিক আকারে তড়িৎ চুম্বকীয় তরঙ্গে বিষয়বস্তু সন্নিবেশ করণ এবং এই সন্নিবেশিত বিষয়বস্তু সম্প্রচার নেটওয়ার্ক বা নেটওয়ার্কসমূহে ডিজিটাল বা অন্য কোন উপায়ে অবিচ্ছিন্নভাবে প্রেরণ করা, যাহাতে সকল বা বহুবিধ ব্যবহারকারীর যে কোন ব্যক্তি তাহাদের সংশ্লিষ্ট নেটওয়ার্কে গ্রাহকযন্ত্র সংযুক্ত করিয়া উহাতে অধিগম্যতা লাভে সক্ষম হয় এবং ইহাতে বিষয়বস্তুর সকল সম্প্রচার কার্যক্রম ও সকল সম্প্রচার নেটওয়ার্ক কার্যক্রম অন্তর্ভুক্ত থাকিবে।
- (৫) ‘সম্প্রচার নেটওয়ার্ক/সিস্টেম কার্যক্রম’ অর্থ নির্দিষ্ট পথে পরিচালিত (guided) অথবা উন্মুক্ত (unguided) তড়িৎ চুম্বকীয় তরঙ্গের মাধ্যমে নির্দিষ্ট কম্পাংকে ইলেক্ট্রনিকভাবে সম্প্রচার বিষয়বস্তু বহুবিধ গ্রাহকের নিকট বহন করিবার জন্য প্রেরক যন্ত্র বা কেবল অবকাঠামোর নেটওয়ার্ক সৃষ্টির কার্যক্রম এবং নিম্নলিখিত যে কোনটির ব্যবস্থাপনা ও চালনা এই কার্যক্রমের অন্তর্ভুক্ত থাকিবে:
 - (ক) টেলিপোর্ট/হাব/ডু-উপগ্রহ কেন্দ্র;
 - (খ) ডিরেক্ট-টু-হোম (ডিটিএইচ) সম্প্রচার নেটওয়ার্ক;
 - (গ) মাল্টি সিস্টেম কেবল টেলিভিশন নেটওয়ার্ক;
 - (ঘ) স্থানীয় কেবল টেলিভিশন নেটওয়ার্ক;
 - (ঙ) স্যাটেলাইট বেতার সম্প্রচার নেটওয়ার্ক;
 - (চ) ডিজিটাল নেটওয়ার্ক এবং ইন্টারনেট;
 - (ছ) এইরূপ অন্যান্য নেটওয়ার্ক কার্যক্রম যাহা সরকার কর্তৃক নির্ধারণ করা হইবে।

